**M.A 4th Semester Examination – 2019**

**BENGALI**

PAPER : BNG – 401

Full Marks : 40

Time : 2 hours

The figures in the right-hand margin indicate full marks.

Candidates are required to give their answers in their own words as far as practicable.

১। 'বঙ্গদর্শন' থেকে গ্রন্থাকারে প্রকাশের সময় 'রজনী' উপন্যাসের কাহিনী *(Plot)*-এর যে-সব পরিবর্তন ঘটানো হয়েছে সেগুলি উল্লেখ করে এই পরিবর্তন কতদূর সার্থক হয়েছে বিচার করো। ৪ + ৬

অথবা

'বঙ্গদর্শন'-এ প্রকাশিত 'রজনী' উপন্যাসের অমরনাথ চরিত্রের সঙ্গে গ্রন্থরূপে প্রকাশিত 'রজনী' উপন্যাসের অমরনাথ চরিত্রের পার্থক্যগুলি দেখাও। অসঙ্গত এই পাঠান্তরের ফলে উপন্যাসটি কতখানি শিল্প সার্থক হতে পেরেছে তা আলোচনা করো। ১০

২। কোন প্রয়োজনের উপলব্ধি থেকে রবীন্দ্রনাথ তাঁর 'রাজর্ষি' উপন্যাসকে 'বিসর্জন' নাটকে রূপান্তরিত করেছিলেন ? এর ফলে আঙ্গিকগত যে সব পরিবর্তন ঘটেছে তা আলোচনা করো। ৪ + ৬

অথবা

'রাজর্ষি' উপন্যাস থেকে 'বিসর্জন' নাটকে রঘুপতি চরিত্রটির কোন পরিবর্তন ঘটেছে কি ? ঘটে থাকলে তা কতখানি শিল্প-সার্থক হয়েছে ? ১০

৩। রবীন্দ্র সাহিত্যে বাউল দর্শনের ছায়া কীভাবে লক্ষ করা যায় - তা আলোচনা করো। ১০

অথবা

মধুসূদনের নাটকে পাশ্চাত্য প্রভাব বিষয়ে আলোচনা করো। ১০

৪। 'কালিদাসের মধ্যে ঐতিহ্যবোধ প্রবল'- কালিদাসের 'মেঘদূত' কাব্য সম্পর্কিত আলোচনায় বুদ্ধদেব বসুর এই মন্তব্যের যাথার্থ্য বিচার করো। ১০

অথবা

নিম্নোদ্ধৃত সংস্কৃত শ্লোক দুটির বাংলা অনুবাদ সহ ব্যাখ্যা করো। ১০

১।

তন্বী শ্যামা শিখর দশনা পক্ব বিম্বাধরোষ্ঠী
মধ্যে ক্ষীণা চকিতা হরিণী প্রেষণা নিম্ননাভিঃ ।
শ্রোণী ভারানলনগমনা স্তোক নম্রা স্তনাভ্যাং
যা তত্রস্যাদ যুবতী বিষয়ে সৃষ্টিরাদেব্য ধাতু ।।

২।

কশ্চিৎ কান্তা বিরহ গুরুণা স্বাধিকার প্রমত্ত
শাপেনাস্তকং গমিত মহিম বর্ষভোগ্যেন ভর্তুঃ
যজ্ঞশ্চক্রে জনকতনয়া স্নান পুণ্যোদকেষু -
স্নিগ্ধচ্ছায়াতরুষু বসতিং রামগির্যাশ্রমেষু ।

..............................................



Scanned with CamScanner

**M.A 4th Semester Examination – 2019**

**BENGALI**

PAPER : BNG – 402

Full Marks : 40

Time : 2 hours

The figures in the right-hand margin indicate full marks.

Candidates are required to give their answers in their own words as far as practicable.

১। ধাঁধা ও প্রবাদের সংজ্ঞা লেখো। ধাঁধা ও প্রবাদের মধ্যে পার্থক্য নিরূপণ করো। ৪ + ৬

অথবা

'কাজলরেখা পালা'টি রূপকথা না গীতিকা - এ সম্পর্কে তোমার মতামত যুক্তিসহ আলোচনা করো। ১০

২। যে কোন একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো । ৩০

(ক) মধ্যযুগের বাংলা সাহিত্যে মানবতাবাদ ।

(খ) বাংলা লোকসাহিত্য ও তার ভবিষ্যৎ ।

(গ) দ্বিতীয় বিশ্বযুদ্ধ-পরবর্তী যুগের বাংলা ছোটগল্প ।

(ঘ) রবীন্দ্রনাথের রূপক-সাংকেতিক নাটক ।

(ঙ) বাংলা একাঙ্ক নাটকের ধারা ।

(চ) কল্লোল যুগের বাংলা কবিতা ।

(ছ) বাংলা উপভাষা ও তার ভবিষ্যৎ ।

..........................



Scanned with CamScanner

**M.A 4th Semester Examination – 2019**

**BENGALI**

**RABINDRA SAHITYA**

**PAPER : BNG – 403 (Special Paper)**

Full Marks : 40

Time : 2 hours

The figures in the right-hand margin indicate full marks.

Candidates are required to give their answers in their own words as far as practicable.

১। 'শেষ সপ্তক' কাব্যগ্রন্থটি আত্মজৈবনিক উপাদানে সমৃদ্ধ। - মন্তব্যটির যাথার্থ্য বিশ্লেষণ করো। ১০

অথবা

'শেষ সপ্তক' গ্রন্থের 'চুয়াল্লিশ' সংখ্যক কবিতা অবলম্বনে কবির মর্ত্য জীবনপ্রীতি ও মৃত্যু চেতনার স্বরূপ বিশ্লেষণ করো। ১০

২। 'শেষের কবিতা' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো। ১০

অথবা

রবীন্দ্রনাথের 'শেষের কবিতা'-র অমিত চরিত্রটির স্বাতন্ত্র্যের দিকগুলি ব্যাখ্যা করো। ১০

৩। 'চিত্রাঙ্গদা' নাটকের মূল ভাবটি প্রকৃতি ও মানব জীবন সম্পৃক্ত হয়ে কীভাবে প্রকাশিত হয়েছে তা দেখাও। ১০

অথবা

'চিত্রাঙ্গদা' নাটকে মদন ও বসন্ত চরিত্রদ্বয়ের সংযোজনগত নাট্য তাৎপর্য ব্যাখ্যা করো। ১০

৪। 'জীবনস্মৃতি' অবলম্বনে পিতা দেবেন্দ্রনাথ সম্পর্কে রবীন্দ্রনাথের অনুভবের স্বরূপ ব্যক্ত করো। ১০

অথবা

'জীবনস্মৃতি'-র অন্তর্গত 'প্রভাত সংগীত' অংশে রবীন্দ্রনাথের প্রথম পর্বের জীবনদর্শন ও কাব্যাদর্শ কীভাবে প্রকাশিত হয়েছে - তা দেখাও। ১০



Scanned with CamScanner

**M.A 4th Semester Examination – 2019**
**BENGALI**
**FOLK LITERATURE**
PAPER : BNG – 403 (Special Paper)
Full Marks : 40
Time : 2 hours
The figures in the right-hand margin indicate full marks.
Candidates are required to give their answers in their own words as far as practicable.

১। লোকসাহিত্যের বৈশিষ্ট্য কী ? লোকসাহিত্যের বিবিধ প্রকারগুলি সম্পর্কে নাতিদীর্ঘ আলোচনা করো । ৩+৭

অথবা

টীকা লেখো : ট্যাবু , টোটেম , কালো যাদু , গম্ভীরা ২ ১/২x৪=১০

২। লোকসাহিত্য বিচারে মনস্তাত্ত্বিক সমালোচনা পদ্ধতির গুরুত্ব নির্ণয় করো । এই পদ্ধতির সাহায্যে যে-কোন দুটি লোককথা বিশ্লেষণ করো । ৫+৫

অথবা

লোকসাহিত্য বিচারে মার্কসীয় (ঐতিহাসিক-বস্তুবাদী) পদ্ধতির গুরুত্ব নির্ণয় করো । এই পদ্ধতির সাহায্যে যে কোন একটি লোককথা বিশ্লেষণ করো । ৫+৫

৩। *Thompson*-এর *motif index*- এর সংক্ষিপ্ত পরিচয় দাও । ১০

অথবা

টীকা লেখো : কার্ল ক্রোন ও গ্রীম ভাইদের সংকলন , বোন্ড - পোলিভ্‌কা মেথড ৫+৫

৪। বাঙালীর জীবনে কৃষি বিষয়ক প্রবাদগুলির গুরুত্ব কতখানি - দৃষ্টান্ত সহযোগে আলোচনা করো । ১০

অথবা

সুশীল কুমার দে তাঁর 'বাংলা প্রবাদ' গ্রন্থের ভূমিকাংশে বাঙালীর জীবনে প্রবাদের যে স্থান নির্ণয় করেছেন তার যাথার্থ্য বিচার করো । ১০

.................................................................



Scanned with CamScanner

**M.A 4th Semester Examination – 2019**
**BENGALI**
**RABINDRA SAHITYA**
**PAPER : BNG = 404 (Special Paper)**
Full Marks : 10
Time : 30 Minutes
The figures in the right-hand margin indicate full marks.
Candidates are required to give their answers in their own words as far as practicable.

১। শান্তিনিকেতন ভাষণমালা রচনার ইতিবৃত্ত উল্লেখ করো। রবীন্দ্র-সৃষ্টি ধারায় গ্রন্থটির গুরুত্ব বুঝিয়ে দাও। ৪+৬

অথবা

'মৃত্যু ও অমৃত' এবং 'তরী বোঝাই' অবলম্বনে জীবন ও মৃত্যু সম্পর্কে এই পর্বের রবীন্দ্র ভাবনা ব্যক্ত করো। ৫+৫

.............................................



Scanned with CamScanner

**M.A 4th Semester Examination – 2019**

**BENGALI**

**FOLK LITERATURE**

**PAPER : BNG – 404 (Special Paper)**

Full Marks : 10

Time : 30 Minutes

The figures in the right-hand margin indicate full marks.

Candidates are required to give their answers in their own words as far as practicable.

১। দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার সম্পাদিত 'ঠাকুরমার ঝুলি'-তে সংকলিত গল্পগুলির শ্রেণিবিন্যাস করে এগুলির মধ্যে বাঙালির সমাজজীবনের যে চিত্র ধরা পড়েছে - তা নিজের ভাষায় লেখো । ১০

অথবা

দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার সংগৃহীত 'নীলকমল আর লালকমল' গল্পটির কাহিনীর গঠন বিষয়ে আলোচনা করো । ১০

..............................................................



Scanned with CamScanner